# জগন্নাথ বিশ্ববিদ্যালয় বার্তা

জানুয়ারি-মার্চ, ২০২৫ | ৫৭তম সংখ্যা


# গুচ্ছের বেড়াজাল ভেঙে জবির নতুন অভিযাত্রা

## ২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্বতন্ত্র ভর্তি পরীক্ষার মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের স্বাতন্ত্র্য পুনরুদ্ধারের সাহসী পদক্ষেপ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) এক ঐতিহাসিক ও সাহসী পদক্ষেপের মধ্য দিয়ে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে দেশের উচ্চশিক্ষাখাতে একটি নতুন দিগন্তের সূচনা ঘটেছে। দীর্ঘ প্রতীক্ষা ও নানা প্রতিবন্ধকতা পেরিয়ে জবি এবার গুচ্ছভিত্তিক ভর্তি পরীক্ষা পদ্ধতি থেকে বেরিয়ে এসে স্বতন্ত্র ভর্তি পরীক্ষার মাধ্যমে তার নিজস্ব পরিচয় ও স্বায়ত্তশাসন পুনঃপ্রতিষ্ঠায় সফল হয়েছে। এটি বর্তমান বিশ্ববিদ্যালয় প্রশাসন, বিশেষ করে উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি-এর বলিষ্ঠ নেতৃত্বের একটি উজ্জ্বল নিদর্শন।

**গুচ্ছ পদ্ধতির সূচনা ও সংকট:** ২০২০-২১ শিক্ষাবর্ষে দেশের ১৯টি সাধারণ, বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অংশগ্রহণে ‘গুচ্ছ পদ্ধতি’ নামে সমন্বিত ভর্তি পরীক্ষার সূচনা হয়। করোনা মহামারির কারণে শিক্ষার্থীদের দূরদূরান্তে যাতায়াত এবং বহুবিধ বিশ্ববিদ্যালয়ে একাধিকবার ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের কারণে যে শারীরিক, মানসিক ও আর্থিক ভোগান্তি তৈরি হচ্ছিল, তা নিরসনের লক্ষ্যে এই উদ্যোগকে শুরুতে একটি সময়োপযোগী ও যৌক্তিক পদক্ষেপ হিসেবে দেখা হয়েছিল। একই সঙ্গে, দেশের উচ্চশিক্ষায় ভর্তির ক্ষেত্রে একধরনের সমন্বয় প্রতিষ্ঠার আশা করা হয়েছিল।

তবে বাস্তবতা ছিল ভিন্ন। পরবর্তী শিক্ষাবর্ষগুলোতে অংশগ্রহণকারী বিশ্ববিদ্যালয়ের সংখ্যা ক্রমশ বাড়তে থাকে এবং ২০২২-২৩ শিক্ষাবর্ষে তা ২৪-এ পৌঁছায়। জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) ২০২০ সালের ১৯ মার্চ অনুষ্ঠিত অ্যাকাডেমিক কাউন্সিলের ৫১তম সভায় গুচ্ছ পদ্ধতিতে অংশগ্রহণের সিদ্ধান্ত নেয়। কিন্তু কয়েক বছর ধরে গুচ্ছ ব্যবস্থার অভিজ্ঞতা থেকে দেখা যায় যে, এই পদ্ধতি ভর্তি প্রক্রিয়ায় স্বচ্ছতা, গতি ও গুণগত মান নিশ্চিত করতে ব্যর্থ হয়েছে। বিশেষ করে, গুচ্ছ ভর্তি পরীক্ষার ফল প্রকাশ, চূড়ান্ত মনোন্নয়ন এবং ক্লাস শুরুর সময়সূচি দীর্ঘসূত্রিতার শিকার হয়ে শিক্ষাবর্ষে অসংগতি তৈরি করেছে। এতে একদিকে যেমন সেশনজট সৃষ্টি হয়েছে, অন্যদিকে বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক ক্যালেন্ডার বাস্তবায়নও কঠিন হয়ে পড়েছে। পাশাপাশি, ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে মেধাগত বৈচিত্র্য ও মানের ঘাটতি লক্ষ করা গেছে, যা শিক্ষা ও গবেষণার গুণগত মানে নেতিবাচক প্রভাব ফেলেছে। আরও উদ্বেগজনক ছিল আর্থিক অস্বচ্ছতা ও নিয়ন্ত্রণহীনতা। গুচ্ছ ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী বিশ্ববিদ্যালয়গুলো প্রত্যক্ষভাবে অর্থ ও প্রশাসনিক সিদ্ধান্তে অংশ নিতে না পারায় স্বচ্ছতা নিয়ে প্রশ্ন ওঠে। কোনো নির্দিষ্ট কর্তৃপক্ষের কাছে জবাবদিহিতার অভাব, বিশ্ববিদ্যালয়ের নিজস্ব নীতিমালা অনুসারে ভর্তি প্রক্রিয়া পরিচালনার সুযোগ না থাকা এবং আর্থিক ব্যবস্থাপনায় এক ধরনের অস্পষ্টতা শিক্ষকদের মধ্যে অসন্তোষ সৃষ্টি করে।

সবচেয়ে বড় সংকট তৈরি হয়েছে বিশ্ববিদ্যালয়ের স্বকীয়তা ও পরিচয় হারানোর কারণে। জগন্নাথ বিশ্ববিদ্যালয় অতীতে লিখিত প্রশ্নপত্র প্রবর্তনসহ ভর্তি পরীক্ষায় উদ্ভাবনী ও মানসম্মত নীতিমালার বাস্তবায়ন করেছিল, যা গুচ্ছ ব্যবস্থায় সম্ভব হয়নি। একটি অভিন্ন প্রশ্নপত্রের ভিত্তিতে ভর্তি হওয়া শিক্ষার্থীদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব লক্ষ্য, দর্শন ও অ্যাকাডেমিক সংস্কৃতির সঙ্গে সামঞ্জস্য স্থাপন কঠিন হয়ে পড়ে। ফলে, গুচ্ছ পদ্ধতির উদ্দেশ্য শিক্ষার্থীদের সুবিধা দিলেও এর বাস্তবায়নে অংশগ্রহণকারী বিশ্ববিদ্যালয়গুলো, বিশেষ করে জবির মতো উদীয়মান ও শহরকেন্দ্রিক প্রতিষ্ঠানের জন্য তা চ্যালেঞ্জে পরিণত হয়। ধীরে ধীরে এই পদ্ধতি উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের স্বায়ত্তশাসন, স্বকীয়তা ও গুণগত উন্নয়নের পথে অন্তরায় হয়ে দাঁড়ায়। যার ফলে বিশ্ববিদ্যালয় প্রশাসন, শিক্ষক, শিক্ষার্থী এবং অভিভাবকদের মাঝে হতাশা ও ক্ষোভ তৈরি হয়, এবং গুচ্ছ ত্যাগের চিন্তা ক্রমেই প্রবল হতে থাকে।



ভর্তি পরীক্ষা চলাকালীন হল পরিদর্শন করছেন উপাচার্য

**প্রতিরোধ ও প্রত্যাবর্তনের প্রয়াস:** গুচ্ছ পদ্ধতিতে অংশগ্রহণের কয়েক বছরের অভিজ্ঞতা থেকে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকমণ্ডলী ও শিক্ষার্থীদের মধ্যে ক্রমশ অসন্তোষ বাড়তে থাকে। এই পদ্ধতি যে বিশ্ববিদ্যালয়ের স্বাতন্ত্র, সুনাম ও অ্যাকাডেমিক উৎকর্ষকে ব্যাহত করছে তা স্পষ্টভাবে উপলব্ধি করতে শুরু করেন সংশ্লিষ্ট সবাই। ২০২২-২৩ শিক্ষাবর্ষে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে, যখন জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি গুচ্ছ পদ্ধতি ত্যাগের দাবিতে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে চার দিনের আলটিমেটাম প্রদান করে। এই পদক্ষেপ ছিল একটি সুসংগঠিত প্রতিরোধের সূচনা। তবে নানা প্রশাসনিক ও রাজনৈতিক চাপে সেটি তখন বাস্তবায়িত হয়নি।

পরবর্তী সময়ে ২০২৩ সালের ফেব্রুয়ারিতে শিক্ষার্থীরাও সরব হয়ে ওঠে। তারা পাঁচ দিনের সময়সীমা বেঁধে দিয়ে বিভিন্ন কর্মসূচি ও মানববন্ধনের মাধ্যমে তাদের অবস্থান স্পষ্ট করে তোলে। শিক্ষার্থীদের মূল দাবি ছিল বিশ্ববিদ্যালয়ের স্বতন্ত্র ভর্তি পরীক্ষা ফিরিয়ে আনা হোক। তাদের বক্তব্যে উঠে আসে যে, গুচ্ছভুক্তির পর থেকে বিশ্ববিদ্যালয়ের মেধাবী শিক্ষার্থী আকর্ষণের হার কমে গেছে, ভর্তি কার্যক্রমে স্বচ্ছতা ও সময়ানুবর্তিতা ব্যাহত হচ্ছে, এবং সবচেয়ে গুরুত্বপূর্ণভাবে জবির পূর্ববর্তী অগ্রগতি ও অর্জনের ধারাবাহিকতা থমকে গেছে।

এই দাবি যে ভিত্তিহীন নয়, তার প্রমাণ মেলে বিশ্ববিদ্যালয়ের পূর্বের কিছু গৌরবময় পদক্ষেপে। যেমন, ২০১৮-১৯ শিক্ষাবর্ষে জবি লিখিত প্রশ্নপত্র প্রবর্তনের মাধ্যমে গুণগত মেধা যাচাইয়ের একটি শক্তিশালী মডেল তৈরি করে। পরের শিক্ষাবর্ষে, অর্থাৎ ২০১৯-২০ তে পুরোপুরি লিখিতভিত্তিক ভর্তি পরীক্ষা আয়োজন করে বিশ্ববিদ্যালয় উচ্চশিক্ষায় মানসম্পন্ন শিক্ষার্থী বাছাইয়ের এক দৃষ্টান্ত স্থাপন করে। কিন্তু গুচ্ছ পদ্ধতির অন্তর্ভুক্ত হওয়ার পর এসব উদ্যোগ ব্যাহত হয়, এবং জবির উদ্ভাবনী ভর্তি পরীক্ষা পদ্ধতি গুচ্ছের একরৈখিক নীতিমালায় ম্লান হয়ে যায়। ২০২৩ সালের মার্চ মাসে বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক কাউন্সিল (৬৪ তম সভায়) গুচ্ছ ত্যাগের প্রস্তাব গৃহীত হয় এবং নিজস্ব ভর্তি পদ্ধতিতে ফিরে যাওয়ার সিদ্ধান্ত নেয়। এটি ছিল একটি গুরুত্বপূর্ণ অগ্রগতি, যা প্রশাসনের আন্তরিকতা ও ভবিষ্যতমুখী চিন্তার পরিচয় বহন করে। কিন্তু এই সিদ্ধান্তও শেষ পর্যন্ত বাস্তবায়িত হয়নি। কারণ, তৎকালীন রাষ্ট্রপতির ‘অভিপ্রায়’ সংবলিত একটি চিঠির মাধ্যমে ওই সিদ্ধান্ত স্থগিত রাখতে বলা হয়, যা কার্যত কেন্দ্রীয় সরকারের অবস্থানকে প্রতিফলিত করে। এতে বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসন ও অ্যাকাডেমিক স্বাধীনতা আবারও বাধার সম্মুখীন হয়।

**অবশেষে সাহসী সিদ্ধান্ত:** দীর্ঘদিনের প্রত্যাশা, নানা প্রতিবন্ধকতা এবং প্রশাসনিক ও রাজনৈতিক চাপ অতিক্রম করে অবশেষে ২০২৪ সালের ২১ অক্টোবর জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) একটি ঐতিহাসিক ও সাহসী সিদ্ধান্ত গ্রহণ করে। বিশ্ববিদ্যালয়ের ৭০তম অ্যাকাডেমিক কাউন্সিল বিশেষ সভায় ২০০৫ সালের জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইন- ২০০৫ এর ৪০(১) ধারা অনুযায়ী নিজস্ব ভর্তি পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত চূড়ান্তভাবে অনুমোদিত হয় এবং কেন্দ্রীয় ভর্তি কমিটি গঠন করা হয়। এটি শুধুমাত্র একটি প্রশাসনিক সিদ্ধান্ত নয়, বরং বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক স্বাধীনতা ও স্বাতন্ত্র রক্ষার এক গুরুত্বপূর্ণ মাইলফলক।

এ সিদ্ধান্ত গ্রহণের প্রেক্ষাপটে নানা চাপ ও প্রতিবন্ধকতা ছিল সুস্পষ্ট। গুচ্ছ পদ্ধতি থেকে বেরিয়ে আসার পরপরই শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে পুনরায় গুচ্ছে ফিরে যাওয়ার জন্য নানা পর্যায়ে মৌখিক ও লিখিত চাপ সৃষ্টি করা হয়। কিন্তু বিশ্ববিদ্যালয়ের প্রশাসন, বিশেষ করে উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি তার দৃঢ়তা, কৌশলগত দূরদর্শিতা এবং আইনগত ভিত্তির উপর দাঁড়িয়ে এই সিদ্ধান্ত অটুট রাখতে সক্ষম হন। তাঁর নেতৃত্বে প্রশাসন একটি সুসংগঠিত ও পরিকল্পিত কৌশলের মাধ্যমে কেন্দ্রীয় চাপ মোকাবিলা করে এবং শিক্ষার্থী, শিক্ষক ও সংশ্লিষ্টদের স্বার্থ সংরক্ষণের জন্য আত্মবিশ্বাসের সঙ্গে এগিয়ে যায়।

কেন্দ্রীয় ভর্তি কমিটির সিদ্ধান্ত মোতাবেক ২০২৪ সালের ২০ নভেম্বর অনুষ্ঠিত ৭১তম অ্যাকাডেমিক কাউন্সিল জরুরি সভায় ২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্বতন্ত্র ভর্তি পরীক্ষা গ্রহণের রূপরেখা চূড়ান্ত করা হয়। নির্ধারিত সময় অনুযায়ী ৩১ জানুয়ারি ২০২৫ তারিখে পুনরায় বিশ্ববিদ্যালয়ের নিজস্ব পদ্ধতিতে প্রথমবারের মতো স্নাতক (সন্মান) ও বিবিএ ভর্তি পরীক্ষা সুষ্ঠু, স্বচ্ছ ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়। এ পরীক্ষায় বিপুল সংখ্যক ভর্তিচ্ছু শিক্ষার্থী অংশগ্রহণ করে এবং তাদের মধ্য থেকে মেধা ও যোগ্যতার ভিত্তিতে শিক্ষার্থী নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন হয়। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ইতোমধ্যে ঘোষণা

দিয়েছে যে, ২২ জুন ২০২৫ থেকে নতুন শিক্ষাবর্ষের ক্লাস কার্যক্রম শুরু হবে। এতে করে বিশ্ববিদ্যালয় একটি নির্ধারিত অ্যাকাডেমিক ক্যালেন্ডার অনুসরণ করতে পারবে এবং সেশনজট হ্রাসসহ অ্যাকাডেমিক পরিবেশে গতিশীলতা ফিরে আসবে বলে আশা করা হচ্ছে।

## চার বছর পর নিজস্ব পদ্ধতিতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

চার বছর পর নিজস্ব পদ্ধতিতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। ইউনিট-E মাধ্যমে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা শুরু হয়। এবার চারুকলা অনুষদের ইউনিট-E এর ভর্তি পরীক্ষায় ৬০টি আসনের বিপরীতে ১৩৭৫ জন পরীক্ষার্থী, সামাজিক বিজ্ঞান অনুষদের ইউনিট-D এর ভর্তি পরীক্ষায় ৫৯০টি আসনের বিপরীতে দুইটি শিফটে ২৪,৯৫৭ জন পরীক্ষার্থী, কলা ও আইন অনুষদের ইউনিট-B এর ভর্তি পরীক্ষায় ৭৮৫টি আসনের বিপরীতে তিনটি শিফটে ৪২,৯৭৪ জন পরীক্ষার্থী, বিজ্ঞান ও লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদের ইউনিট-A এর ভর্তি পরীক্ষায় ৮৬০টি আসনের বিপরীতে তিনটি শিফটে ৪৪,২২৪ জন পরীক্ষার্থী, এবং বিজনেস স্টাডিজ অনুষদের ইউনিট-C এর ভর্তি পরীক্ষায় ৫২০টি আসনের বিপরীতে দুইটি শিফটে ২০,১২১ জন পরীক্ষার্থীর আসন বিন্যাস করা হয়।

## দ্বিতীয় ক্যাম্পাস প্রকল্পের কাজ সেনাবাহিনীর মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্তঃ শিক্ষার্থীদের আনন্দ মিছিল

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা দ্বিতীয় ক্যাম্পাসের কাজ বাংলাদেশ সেনাবাহিনীর মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ উপলক্ষ্যে ২০ জানুয়ারি বিশ্ববিদ্যালয়ের প্রধান ক্যাম্পাসে আনন্দ মিছিল আয়োজন করে।



আনন্দ মিছিল শেষে উৎফুল্ল শিক্ষার্থীদের উদ্দেশ্যে বক্তব্য প্রদান করছেন উপাচার্য

## মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে শ্রদ্ধাঞ্জলি নিবেদন

২১ ফেব্রুয়ারি 'মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৫' উপলক্ষ্যে সকালে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি-এর নেতৃত্বে কেন্দ্রীয় শহিদ মিনারে পুষ্পার্ঘ্য অর্পণ করে ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়।

শ্রদ্ধাঞ্জলি নিবেদনকালে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, প্রক্টর, হল প্রভোস্ট, শিক্ষক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক, বিভিন্ন দপ্তরের পরিচালক, বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

এদিকে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থিত শহিদ মিনারে দিবাগত রাত ১২.০১ মিনিটে উপাচার্য পুষ্পার্ঘ্য অর্পণ করে ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, রেজিস্ট্রার,



মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করছেন উপাচার্য ও ট্রেজারার

প্রক্টর, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক, বিভিন্ন দপ্তরের পরিচালক, শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ, সাংস্কৃতিক সংগঠন, জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সংগঠন ও বিভিন্ন ছাত্র সংগঠনের পক্ষ থেকে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়।

## মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষ্যে শ্রদ্ধাঞ্জলি নিবেদন

'মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৫' উপলক্ষ্যে ২৬ মার্চ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি-এর নেতৃত্বে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্য অর্পণের মধ্য দিয়ে মুক্তিযুদ্ধে বীর শহিদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়।

এই সময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, প্রক্টর, ছাত্র হলের প্রভোস্ট, বিভিন্ন দপ্তরের পরিচালক, শিক্ষক সমিতির নেতৃবৃন্দ, বিভাগীয় শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।




মহান স্বাধীনতা দিবস উপলক্ষ্যে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষে শ্রদ্ধাঞ্জলি নিবেদন

পরবর্তী পর্যায়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাদা দল, সাংবাদিক সমিতি, রিপোর্টার্স ইউনিটি এবং সহায়ক কর্মচারী কল্যাণ সমিতির পক্ষ থেকে পৃথকভাবে শহিদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়।

## ন্যানোটেকনোলজি বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের উদ্যোগে 'ন্যানোটেকনোলজি: স্মল থিংস ম্যাটার অ্যান্ড হ্যাভ পাওয়ার টু ট্রান্সফরম এনার্জি, হ্যালথ অ্যান্ড দ্য এনভায়রনমেন্ট' শীর্ষক সেমিনার ১ জানুয়ারি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। সেমিনারে ন্যানোটেকনোলজি এবং এর বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়।



সেমিনারে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করছেন উপাচার্য

সেমিনারের প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন যুক্তরাষ্ট্রের কফিন স্টেট ইউনিভার্সিটির সেন্টার ফর ন্যানোটেকনোলজির প্রতিষ্ঠাকালীন সভাপতি ও ন্যাচারাল সায়েন্স বিভাগের অধ্যাপক ড. জামাল উদ্দিন।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি এবং বিশেষ অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন উপস্থিত ছিলেন।

## 'Raising Awareness: Combating Bullying and Ragging in University Campus' শীর্ষক সেমিনার

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে ২৩ জানুয়ারি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে 'Raising Awareness: Combating Bullying and Ragging in University Campus' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়।

সেমিনারে প্রধান অতিথির হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি।



সেমিনারে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করছেন উপাচার্য

তিনি বলেন, 'বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে বুলিং ও র‍্যাগিং যেন কোনোভাবেই স্থান না পায়, এর জন্য সকল শিক্ষার্থীকে সচেতন হতে হবে। ইতোমধ্যে র‍্যাগিং ও বুলিংয়ের কারণে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীসহ বিশ্ববিদ্যালয়ের মর্যাদা ক্ষুন্ন হয়েছে। র‍্যাগিং ও বুলিংয়ের বিষয়ে প্রতিকারের চেয়ে প্রতিরোধে বেশি মনোযোগ দিতে হবে। র‍্যাগিং-বুলিং প্রতিরোধে বিশেষ গবেষণা প্রকল্প হলে অনুমোদন দেওয়া হবে। ২০তম ব্যাচ আসার আগেই জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে র‍্যাগিং ও বুলিং-এ 'জিরো টলারেন্স' চাই। আমাদের লক্ষ্য একটি সহনশীল, নিরাপদ ও বন্ধুত্বপূর্ণ পরিবেশ তৈরি করা, যেখানে প্রতিটি শিক্ষার্থী নিজের মেধা ও যোগ্যতার ভিত্তিতে এগিয়ে যেতে পারে।"

কি-নোট স্পিকার হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের বুলিং অ্যান্ড র‍্যাগিং প্রিভেনশন কমিটির আহ্বায়ক এবং মনোবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মুহাম্মদ আকরাম উজ্জামান।

## জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে দু'দিনব্যাপী 'রিসেন্ট এডভান্সেস ইন ক্যামিস্ট্রি' শীর্ষক আন্তর্জাতিক কনফারেন্স

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের আয়োজনে রসায়নে সাম্প্রতিক অগ্রগতির ওপর দুই দিনব্যাপী (৩১ জানুয়ারি ও ১ ফেব্রুয়ারি) 'Chemistry Innovations for Smart Future' স্লোগানকে ধারণ করে দ্বিতীয় 'International Conference on Recent Advances in Chemistry (ICRAC-2024)' জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অনুষ্ঠিত হয়।

কনফারেন্সের পৃষ্ঠপোষক হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন। এছাড়াও ওআইসি-কমস্টেক এর কো-অর্ডিনেটর জেনারেল



সেমিনারে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করছেন উপাচার্য

অধ্যাপক ড. মোহাম্মদ ইকবাল চৌধুরী সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের চেয়ারম্যান ও আইসিআরসি ২০২৪ এর অরগানাইজিং সভাপতি অধ্যাপক ড. এ কে এম লুৎফর রহমান-এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. পরিমল বালা এবং ইনসেপটা ফার্মাসিউটিক্যাল লিমিটেডের পরিচালক সেলিম বারামি।

দুই দিনব্যাপী এই আন্তর্জাতিক কনফারেন্সে ভারত, পাকিস্তান, সৌদি আরব, চীন, মালয়েশিয়া, যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্রের গবেষকসহ বাংলাদেশের ঢাকা বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, কুমিল্লা বিশ্ববিদ্যালয় ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠানের শতাধিক গবেষক ও শিক্ষক অংশগ্রহণ করেন।

## বিশেষ সংবাদ

### সিন্ডিকেট সদস্যদের ফুলেল শুভেচ্ছা বিনিময়

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি-এর সভাপতিত্বে ২ জানুয়ারি বিশ্ববিদ্যালয়ের ৯৭তম সিন্ডিকেট সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে জুলাই বিপ্লব ২০২৪-এ শহিদ সাজিদসহ অন্যান্য শহিদদের প্রতি সম্মান জানিয়ে এবং তাদের আত্মার মাগফেরাত কামনা করে এক মিনিট নীরবতা পালন করা হয়। এছাড়াও আহতদের দ্রুত সুস্থতা কামনা করা হয় এবং এই আন্দোলনে অংশগ্রহণকারীদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।

এটি ছিল জগন্নাথ বিশ্ববিদ্যালয় থেকে নিয়োগপ্রাপ্ত প্রথম উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি মহোদয়ের সভাপতিত্বে প্রথম সিন্ডিকেট সভা, যা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক একটি মাইলফলক হিসেবে চিহ্নিত হয়েছে। এই উপলক্ষ্যে উপাচার্য মহোদয় সিন্ডিকেট সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের সাথে ফুলেল শুভেচ্ছা বিনিময় করেন এবং তাদের স্বাগত জানান।



সিন্ডিকেট সদস্যগণের উপাচার্যকে ফুলেল শুভেচ্ছা

সভায় সিন্ডিকেট সদস্যবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন, শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব নুমেরী জামান, সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশনের চেয়ারপার্সন ড. মোহাম্মদ আব্দুল মজিদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ রইছ উদ্দীন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব বিভাগের অধ্যাপক ড. মো. আনোয়ার হোসেন ভূঁঞা, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. মোঃ ইলিয়াস হোসেন, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের ডিন অধ্যাপক ড. হোসনে আরা বেগম, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মুহাম্মদ মঞ্জুর মুর্শেদ ভূঁইয়া, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. পরিমল বালা, ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. এ. কে. এম. মনিরুজ্জামান এবং সদস্য-সচিব রেজিস্ট্রার অধ্যাপক ড. মোঃ শেখ গিয়াস উদ্দিন।

## অ্যাকাডেমিক সংবাদ

### ইটালির ক্যালাব্রিয়ান ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল পলিসি এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মাঝে গবেষণা সহযোগিতা সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষরিত

ইটালির সামার পিস ইউনিভার্সিটির ক্যালাব্রিয়ান ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল পলিসি এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়-এর মাঝে ৯ জানুয়ারি গবেষণা সহযোগিতার জন্য সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর অনুষ্ঠান উপাচার্য মহোদয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি-এর উপস্থিতিতে ইটালির সামার পিস ইউনিভার্সিটির ক্যালাব্রিয়ান ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল পলিসির পক্ষে প্রতিষ্ঠানটির প্রেসিডেন্ট ড. সালভাটোর লা পোর্তা এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষে রেজিস্ট্রার অধ্যাপক ড. মোঃ শেখ গিয়াস উদ্দিন সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।



ইটালির ক্যালাব্রিয়ান ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল পলিসি এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মাঝে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান

এই চুক্তির আওতায় ক্যালাব্রিয়ান ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল পলিসি এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীদের মাঝে স্কলারশিপ, প্রশিক্ষণ ও গবেষণা প্রকল্প বাস্তবায়নে; শান্তি, টেকসই উন্নয়ন ও আন্তঃসাংস্কৃতিক সম্পর্ক, প্রযুক্তিগত ও বৈজ্ঞানিক তথ্যের আদান-প্রদান; জার্নালের আদান প্রদান; যৌথ উদ্যোগে বিভিন্ন সেমিনার, সিম্পোজিয়াম ও কনফারেন্সের আয়োজন; উভয় প্রতিষ্ঠানের রিসোর্স পার্সন, গবেষক ও শিক্ষার্থীদের সংশ্লিষ্ট অত্যাধুনিক গবেষণাগার ব্যবহার ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের গবেষকদের মাঝে নিয়মিত পরিদর্শন এবং যৌথ উদ্দেশ্য অর্জনে যেকোন সহযোগিতার দ্বার উন্মোচিত হবে। এই সমঝোতা স্মারক তিন বছরের জন্য বলবৎ থাকবে।

### চারটি বইয়ের মোড়ক উন্মোচন

অমর একুশে বই মেলায় বাংলা অ্যাকাডেমির গ্রন্থ উন্মোচন মঞ্চে ৫ ফেব্রুয়ারি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তর থেকে প্রকাশিত নতুন চারটি গ্রন্থের মোড়ক উন্মোচন করেন উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি।

নতুন প্রকাশিত গ্রন্থগুলোর মধ্যে রয়েছে ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ নুরুল আমিনের



বাংলা অ্যাকাডেমির গ্রন্থ উন্মোচন মঞ্চে মোড়ক উন্মোচন করছেন উপাচার্য ও ট্রেজারারসহ অন্যান্যরা

'ইসলামের দৃষ্টিতে টেকসই নগরায়ন ও নাগরিক সেবা: পরিপ্রেক্ষিত ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন', ইতিহাস বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ সেলিমের 'Society and State in South Asia', সমাজকর্ম বিভাগের সহযোগী অধ্যাপক মো. জাফর ইকবালের 'Understanding and Enhancing Protective Effects of Bonding Social Capital on Delinquency' এবং ইসলামিক স্টাডিজ বিভাগের সহযোগী অধ্যাপক ড. মুহাম্মদ খাইরুল ইসলামের 'আর্থ-সামাজিক উন্নয়নে ইমামদের ভূমিকার মূল্যায়ন: সমীক্ষা'।

### বিজনেস স্টাডিজ অনুষদের জার্নালের মোড়ক উন্মোচন

২৩ ফেব্রুয়ারি বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত জগন্নাথ ইউনিভার্সিটি জার্নাল অব বিজনেস স্টাডিজ (ভলিয়ম: ১২, নাম্বার: ২) এর মোড়ক উন্মোচন করেন উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি।

এসময় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন, উক্ত জার্নাল এডিটোরিয়াল, বোর্ডের প্রধান সম্পাদক ও বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. মঞ্জুর মুর্শেদ ভূঁইয়া এবং বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত বিভাগসমূহের চেয়ারম্যানবৃন্দসহ জার্নালটির অন্যান্য সহযোগী সম্পাদক ও সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।



বিজনেস স্টাডিজ অনুষদের জার্নালের মোড়ক উন্মোচন করছেন উপাচার্য

### জবি ও সাংহাই বিশ্ববিদ্যালয়ের যৌথ গবেষণা : ইলিশের লিঙ্গান্তরের রহস্য উন্মোচন

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগ ও চীনের সাংহাই ওশান ইউনিভার্সিটি ডিপার্টমেন্ট অব হাইড্রো-বায়োলজির একদল গবেষক যৌথভাবে বাংলাদেশের জাতীয় মাছ ইলিশ সম্পর্কিত তিনটি গবেষণাকর্ম সম্পাদন করেছেন। গবেষণা তিনটি হলো- ইলিশের সেক্স রিভার্সাল, কমপ্লিট জিনোম এবং পপুলেশন জিনোমিক্স।

২৭ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগে এক সেমিনার ও সংবাদ সম্মেলনে এ গবেষণার ফলাফল উপস্থাপন করা হয়।

### জবির আধুনিক ভাষা ইনস্টিটিউটে চীনা ভাষা কোর্স চালুর সিদ্ধান্ত

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আইএমএল-এর অধীনে চালু হতে যাচ্ছে চীনা ভাষা কোর্স। ১৬ মার্চ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি ও ঢাকা বিশ্ববিদ্যালয় কনফুসিয়াস ইনস্টিটিউটের পরিচালক (চীনা

ভাষা) ড. ইয়ং হুই এর মধ্যে দ্বিপাক্ষিক আলোচনায় এ কোর্স চালুর বিষয়ে প্রাথমিক সিদ্ধান্ত হয়। এ বিষয়ে খুব শীঘ্রই একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হবে।

এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে চীনা ভাষা কোর্স বাস্তবায়নের জন্য গঠিত কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. ইমরানুল হক, বহিরাঙ্গন পরিচালক অধ্যাপক ড. মো. নাসির উদ্দিন। রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান মোঃ মেসবাহ-উল-আজম সওদাগর, আধুনিক ভাষা ইনস্টিটিউটের পরিচালক দেবাশিস বিশ্বাস উপস্থিত ছিলেন।



উপাচার্যের সঙ্গে আলোচনা করছেন ঢাকা বিশ্ববিদ্যালয় কনফুসিয়াস ইনস্টিটিউটের প্রতিনিধিবৃন্দ

## গবেষণা ও প্রকল্প

### ‘সাইবার সিকিউরিটি এসেনশিয়ালস: সিকিউরিং ই-মেইল অ্যান্ড সোশ্যাল মিডিয়া’ শীর্ষক প্রশিক্ষণ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আইকিউএসি এর আয়োজনে তিন দিনব্যাপী (৬, ৭ ও ৯ জানুয়ারি) ‘সাইবার সিকিউরিটি এসেনশিয়ালস: সিকিউরিং ই-মেইল অ্যান্ড সোশ্যাল মিডিয়া’ শীর্ষক ট্রেনিং অনুষ্ঠিত হয়। ৬ তারিখে কেন্দ্রীয় মিলনায়তনে এবং ৭ ও ৯ তারিখে সিইসি বিভাগের ভার্চুয়াল ক্লাস রুমে অনুষ্ঠিত হয়।



উপাচার্যের সঙ্গে প্রশিক্ষণে অংশগ্রহণকারী শিক্ষকগণ

### ‘HEAT-ATF Proposal Writing’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আইকিউএসি এর আয়োজনে ২০ জানুয়ারি কেন্দ্রীয় মিলনায়তনে ‘HEAT-ATF Proposal Writing’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়।

### ‘Basic Awareness of Jagannath University Rules’ শীর্ষক ট্রেনিং অনুষ্ঠিত

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আইকিউএসি এর আয়োজনে ২৬ জানুয়ারি কেন্দ্রীয় মিলনায়তনে `Basic Awareness of Jagannath University Rules’ শীর্ষক প্রশিক্ষণ বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দের অংশগ্রহণে অনুষ্ঠিত হয়।



প্রশিক্ষণে অংশগ্রহণকারী শিক্ষকবৃন্দ

### ‘Practical Tips and Guidelines on Higher Studies and Publishing in High Impact Journal’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের রিসার্চ সেল এর আয়োজনে ২ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত ‘Practical Tips and Guidelines on Higher Studies and Publishing in High Impact Journal’ শীর্ষক সেমিনারে আলোচনা করেন মালয়েশিয়ার সানওয়ে বিশ্ববিদ্যালয়ের প্রফেসর সাইদুর রহমান।

### ‘খাদ্য নিরাপত্তা ও টেকসই উন্নয়ন’ শীর্ষক অ্যাকাডেমিক আলোচনা

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের গ্লোবাল সাউথ স্টাডিজ অ্যান্ড রিসার্চ সেন্টার (জিএসএসআরসি) এর উদ্যোগে ৪ ফেব্রুয়ারি কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের ভার্চুয়াল ক্লাসরুমে ‘বাংলাদেশের খাদ্য নিরাপত্তা ও টেকসই উন্নয়ন’ বিষয়ক অ্যাকাডেমিক আলোচনা অনুষ্ঠিত হয়।

এতে প্রখ্যাত জিন বিজ্ঞানী ড. আবেদ চৌধুরী তাঁর উদ্ভাবিত ‘পঞ্চব্রীহি’ ধানের বৈশিষ্ট্য ও সম্ভাবনা নিয়ে বিশদ আলোচনা করেন।



সেমিনারে বক্তব্য প্রদান করছেন পঞ্চব্রীহি ধানের উদ্ভাবক প্রখ্যাত জিন বিজ্ঞানী ড. আবেদ চৌধুরী

### ‘নেক্সাস অব ক্লাইমেট চেঞ্জ অ্যান্ড ওয়াটার’ শীর্ষক অ্যাকাডেমিক আলোচনা অনুষ্ঠিত

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের গ্লোবাল সাউথ স্টাডিজ অ্যান্ড রিসার্চ সেন্টার (জিএসএসআরসি)-এর উদ্যোগে ২৬ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য দপ্তরের কনফারেন্স রুমে ‘নেক্সাস অব ক্লাইমেট চেঞ্জ অ্যান্ড ওয়াটার’ শীর্ষক অ্যাকাডেমিক আলোচনা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে জলবায়ু পরিবর্তনের সাথে পানির যোগসূত্র বিষয়ক গভীর আলোচনা উপস্থাপন করেন পাকিস্তানের ওয়াটার এইড অ্যান্ড আইএমসায়েন্সেস, ক্লাইমেট চেঞ্জ অ্যান্ড ওয়াশ প্রোগ্রামের প্রধান প্রখ্যাত বিজ্ঞানী ড. শাকিল হায়াত।

গ্লোবাল সাউথ স্টাডিজ অ্যান্ড রিসার্চ সেন্টার (জিএসএসআরসি)-এর পরিচালক অধ্যাপক ড. মোঃ রইছ উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠিত এ আলোচনায় প্রধান অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি এবং বিশেষ অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন উপস্থিত ছিলেন।



অ্যাকাডেমিক আলোচনায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করছেন উপাচার্য

### ‘মাস্টারিং কোয়ালিটেটিভ ডাটা এনালাইসিস উইথ এনভিভো’ শীর্ষক ট্রেনিং

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আইকিউএসি এর দুই দিন ব্যাপী (২৭ ফেব্রুয়ারি ও ৬ মার্চ) ‘মাস্টারিং কোয়ালিটেটিভ ডাটা অ্যানালাইসিস উইথ এনভিভো’ শীর্ষক ট্রেনিং অনুষ্ঠিত হয়। রিসোর্স পার্সন হিসেবে ট্রেনিং পরিচালনা করেন জবি ইতিহাস বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ বিলাল হোসাইন ও সমাজবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. তাওহীদ হোসাইন খান।

### ‘মাহে রমজানের শিক্ষা’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

জগন্নাথ বিশ্ববিদ্যালয় ‘ইন্টারডিসিপ্লিনারি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট কনসোর্টিয়াম (আইআরডিসি)’ এর আয়োজনে পবিত্র মাহে রমজান উপলক্ষ্যে ১৩ মার্চ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য দপ্তরের কনফারেন্স রুমে ‘মাহে রমজানের শিক্ষা’ শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়।

সেমিনারে মূল বক্তব্য উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্মেসী অনুষদের সাবেক ডিন অধ্যাপক ড. চৌধুরী মাহমুদ হাসান। মূল বক্তব্যে অধ্যাপক ড. চৌধুরী মাহমুদ হাসান পবিত্র রমজান মাসের গুরুত্ব তুলে ধরেন।

আইআরডিসি-এর সভাপতি ও ইতিহাস বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ বিলাল হোসাইনের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে প্রধান অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, বিশেষ অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, প্যানেল আলোচক হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আরবি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. যুবাইর মুহাম্মদ এহসানুল হক এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মুহাম্মদ নূরুল্লাহ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের সঞ্চালনায় ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. মুহাম্মদ তাজমুল হক।



সেমিনারে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করছেন উপাচার্য

## উন্নয়নমূলক সংবাদ

### স্টাটিসটিক্যাল কম্পিউটিং অ্যান্ড সিমুলেশন ল্যাব উদ্বোধন

৭ জানুয়ারি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি প্রধান অতিথি হিসেবে পরিসংখ্যান বিভাগে স্টাটিসটিক্যাল কম্পিউটিং অ্যান্ড সিমুলেশন ল্যাব উদ্বোধন করেন।

পরিসংখ্যান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. আবু সাইদ মোঃ রিপন রউফ এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন এবং রেজিস্ট্রার অধ্যাপক ড. মোঃ শেখ গিয়াস উদ্দিন।



স্টাটিসটিক্যাল কম্পিউটিং অ্যান্ড সিমুলেশন ল্যাব উদ্বোধন অনুষ্ঠানে উপাচার্য ও ট্রেজারারসহ অন্যান্যরা

## বিভাগীয় কার্যক্রম/সেমিনার

### ‘ডিকলাইনিং অটোমান হেজিমনি: শেপিং এ নিউ ইন্টারন্যাশনাল অর্ডার ইন সাউথ এশিয়া’ শীর্ষক সেমিনার

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের আয়োজনে ২ জানুয়ারি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে ‘ডিকলাইনিং অটোমান হেজিমনি: শেপিং এ নিউ ইন্টারন্যাশনাল অর্ডার ইন সাউথ এশিয়া’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়।

সেমিনারে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের সহযোগী অধ্যাপক ও ওয়াইটিবি স্কলার ড. মোঃ আনিসুর রহমান মূল প্রবন্ধ উপস্থাপন করেন। এসময় তিনি ওসমানীয় সাম্রাজ্যের ইতিহাস, খেলাফতের বৈশ্বিক প্রভাব ও দক্ষিণ এশিয়ার নতুন আন্তর্জাতিক ব্যবস্থার গঠন নিয়ে বিশদ আলোচনা করেন।



সেমিনারে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করছেন উপাচার্য অধ্যাপক রেজাউল করিম পিএইচডি

### সমাজবিজ্ঞান বিভাগে এসপিএসএস প্রশিক্ষণ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের উদ্যোগে তিন দিনব্যাপী এসপিএসএস (স্ট্যাটিসটিক্যাল প্যাকেজ ফর সোশ্যাল সাইন্স) প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। ৯ জানুয়ারি প্রশিক্ষণ প্রোগ্রামের সার্টিফিকেট বিতরণী অনুষ্ঠান হয়। সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন।



প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের সাথে ট্রেজারার, রিসোর্স পার্সন ও বিভাগীয় শিক্ষকবৃন্দ

### বিপ্লবোত্তর বিতর্ক প্রতিযোগিতা ২০২৫ এর পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠান

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ ডিবেটিং ক্লাবের আয়োজনে ২১ জানুয়ারি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয় আন্তঃবিভাগীয় প্রথম বিপ্লবোত্তর বিতর্ক প্রতিযোগিতা ২০২৫-এর পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠান।




উপাচার্যের সাথে বিপ্লবোত্তর বিতর্ক প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীরা

### ফার্মেসী বিভাগের ১৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপিত

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ফার্মেসী বিভাগের ১৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ৯ ফেব্রুয়ারি এক আলোচনা সভা ও র‌্যালির আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য উপস্থিত ছিলেন।



ফার্মেসি বিভাগের ১৭তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে আয়োজিত র‌্যালি

### ভূগোল ও পরিবেশ বিভাগের আয়োজনে পিঠা উৎসব

ভূগোল ও পরিবেশ বিভাগের উদ্যোগে ১৯ ফেব্রুয়ারি বিজ্ঞান ভবনের মাঠে এক বর্ণাঢ্য পিঠা উৎসবের আয়োজন করা হয়। বাঙালির হাজার বছরের ঐতিহ্যবাহী পিঠা-পুলি ও বিভিন্ন জেলার সংস্কৃতিকে ফুটিয়ে তুলতে এই আয়োজন করা হয়। উৎসবের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন।



পিঠার উৎসবের বিভিন্ন স্টল পরিদর্শন করছেন ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন

### মেডিকেল সেন্টারে ফার্মেসী বিভাগের অনুদান হস্তান্তর

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগের পক্ষ থেকে ১৯ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারের জন্য এক লক্ষ টাকার অনুদান উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি-এর কাছে হস্তান্তর করা হয়। এ সময় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন এবং ফার্মেসী বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ মোশাররফ হোসেনসহ বিভাগের অন্যান্য শিক্ষকবৃন্দ ও মেডিকেল সেন্টারের কর্মকর্তা উপস্থিত ছিলেন।

## বিভিন্ন বিভাগের নবীনবরণ ও বিদায় অনুষ্ঠান

- জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অণুজীব বিজ্ঞান বিভাগের আয়োজনে ৯ জানুয়ারি শিক্ষার্থীদের ৯ম ব্যাচের বিদায় ও ১৫তম ব্যাচের নবীনবরণ অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়।
- জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের আয়োজনে ১৩তম ও ১৪তম ব্যাচের বিদায় সংবর্ধনা এবং ১৯তম ব্যাচের নবীন বরণ অনুষ্ঠান ২৭ জানুয়ারি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়।
- উদ্ভিদবিজ্ঞান বিভাগের আয়োজনে ১২তম, ১৩তম ও ১৪তম ব্যাচের বিদায় সংবর্ধনা, ১৮তম ও ১৯তম ব্যাচের নবীন বরণ এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের কৃতি শিক্ষার্থীদের শুভেচ্ছা স্মারক প্রদানের মাধ্যমে সংবর্ধনা প্রদান অনুষ্ঠান ৪ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে একই মঞ্চে অনুষ্ঠিত হয়।
- প্রাণিবিদ্যা বিভাগের আয়োজনে ১২তম ও ১৩তম ব্যাচের বিদায় সংবর্ধনা এবং ১৭তম, ১৮তম ও ১৯তম ব্যাচের নবীন বরণ অনুষ্ঠান ৬ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে সম্পন্ন হয়।

## নিয়োগ/যোগদান

- ফিন্যান্স বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ বায়েজিদ আলী-কে ১৬ ফেব্রুয়ারি হতে পরবর্তী তিন বছরের জন্য উক্ত বিভাগের চেয়ারম্যান হিসেবে নিযুক্ত করা হয়েছে।
- ইংরেজি বিভাগের অধ্যাপক ড. তানিয়া তাহমিনা-কে ১৭ ফেব্রুয়ারি হতে পরবর্তী তিন বছরের জন্য উক্ত বিভাগের চেয়ারম্যান হিসেবে নিযুক্ত করা হয়েছে।
- আইন বিভাগের অধ্যাপক ড. মোঃ শহিদুল ইসলাম-কে ২৫ ফেব্রুয়ারি হতে পরবর্তী তিন বছরের জন্য উক্ত বিভাগের চেয়ারম্যান হিসেবে নিযুক্ত করা হয়েছে।
- নতুন ক্যাম্পাস স্থাপন: ভূমি অধিগ্রহণ ও উন্নয়ন প্রকল্প-এর ‘প্রকল্প পরিচালক’ সৈয়দ আলী আহমেদ স্বেচ্ছায় পদত্যাগ করায় পরবর্তী প্রকল্প পরিচালক নিয়োগ না হওয়া পর্যন্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা মন্ত্রণালয়ের উন্নয়ন প্রকল্পের ‘প্রকল্প পরিচালক’ নিয়োগ সংক্রান্ত নিয়মাবলির ধারা ৪.৪ ও ৪.৮ অনুযায়ী বর্তমানে উক্ত প্রকল্পে কর্মরত জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপ-প্রধান প্রকৌশলী মোঃ আমিরুল ইসলাম-কে ৯ জানুয়ারি তারিখ হতে ‘প্রকল্প পরিচালক’ এর সাময়িক দায়িত্ব প্রদান করা হয়েছে।
- গণিত বিভাগের সহযোগী অধ্যাপক ও বিএনসিসি’র পিইউও ড. মোঃ আবু হানিফ সরকার-কে ১ জানুয়ারি হতে বিএনসিসি ব্যাটালিয়ন অধিনায়ক হিসেবে দায়িত্ব প্রদান করা হয়েছে।

## ‘পাখি মেলা ২০২৫’-এ প্রাণিবিদ্যা বিভাগের শিক্ষার্থীদের সাফল্য

৩ জানুয়ারি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত ‘পাখি মেলা ২০২৫’-এ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে প্রাণিবিদ্যা বিভাগের ন্যাচার স্টাডি অ্যান্ড কনজারভেশন ক্লাবের (NSCC) সদস্যরা অংশগ্রহণ করে এবং বিভিন্ন ক্যাটাগরিতে পুরস্কার লাভ করে।

## ‘ব্যাটালিয়ন ক্যাম্পিং ২০২৪-২৫’এ জবি ক্যাডেটদের সাফল্য

সম্প্রতি অনুষ্ঠিত ‘ব্যাটালিয়ন ক্যাম্পিং ২০২৪-২৫’এ জগন্নাথ বিশ্ববিদ্যালয় বিএনসিসি কন্টিনজেন্ট থেকে ১৬ জন ক্যাডেট অংশগ্রহণ করে। উক্ত ক্যাম্পে নতুন সিইউও এবং বেষ্ট মেল ফায়ারার হিসেবে নির্বাচিত হন মো. নাহিদ হাসান, বেষ্ট ফিমেল ক্যাডেট এবং বেষ্ট ফায়ারার হন সার্জেন্ট মহসিনা খানম তৃষা, উপস্থিত বক্তৃতায় (বাংলা) দ্বিতীয় স্থান এবং কবিতা আবৃত্তিতে প্রথম স্থান অর্জন করেন ক্যাডেট আব্দুল্লাহ আল মামুন, ও উপস্থিত বক্তৃতায় (ইংরেজি) তৃতীয় স্থান অর্জন করেন।

## পিএইচডি ডিগ্রি প্রদান

৯ জানুয়ারি (২০২৫) অনুষ্ঠিত ৯৯তম সিন্ডিকেট সভার অনুমোদনক্রমে পিএইচডি ডিগ্রি প্রাপ্তদের তালিকা:

### কলা অনুষদ

● ইসলামিক স্টাডিজ বিভাগের মো. আবুল কাশেম অ্যান্ডল-কে তাঁর রচিত *‘শিশুর মানস গঠনে সামাজিক পরিবেশের প্রভাব: ইসলামী দৃষ্টিকোণ’* শীর্ষক অভিসন্দর্ভের জন্য পিএইচডি ডিগ্রি প্রদান করা হয়।

### ব্যবসায় শিক্ষা অনুষদ

● অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস্ বিভাগের মোসাঃ মাকসুদা বেগম-কে তাঁর রচিত ‘The Effects of Corporate Governance on Cash Holdings and Financial Distress : Empirical Insights from Emerging Economy’ শীর্ষক অভিসন্দর্ভের জন্য পিএইচডি ডিগ্রি প্রদান করা হয়।

● এস. এম. খালেদ হোসেন-কে তাঁর রচিত ‘Effects of Corporate Governance and Risk on Firm Value : An Empirical Investigation from the Perpective of Emerging Ecomomy’ শীর্ষক অভিসন্দর্ভের জন্য পিএইচডি ডিগ্রি প্রদান করা হয়।

● ফিন্যান্স বিভাগের মো. সিরাজ মিয়া-কে তাঁর রচিত ‘Role of MIcrocredit in Addressing Poverty : A Study on Financial Institutions in Chattogram Division’ শীর্ষক শীর্ষক অভিসন্দর্ভের জন্য পিএইচডি ডিগ্রি প্রদান করা হয়।

● ফন্যান্স বিভাগের তাসনিম উদ্দিম চৌধুরী-কে তাঁর রচিত ‘Inception of Derivatives Market in Bangladesh : Prospects and Challenges’ শীর্ষক অভিসন্দর্ভের জন্য পিএইচডি ডিগ্রি প্রদান করা হয়।

● মার্কেটিং বিভাগের মুহাম্মদ হাসান ফৌজি-কে তাঁর রচিত ‘Formation of Consumers E-Loyalty Construct and Its Outcomes in an Economy : A Study on the E-commerce Sector of Bangladesh’ শীর্ষক অভিসন্দর্ভের জন্য পিএইচডি ডিগ্রি প্রদান করা হয়।

### বিজ্ঞান অনুষদ

● গণিত বিভাগের মো. নুরুল হুদা-কে তাঁর রচিত ‘Hydromagnetic Nanofluid Flow and Heat Transfer in a Cavity’ শীর্ষক অভিসন্দর্ভের জন্য পিএইচডি ডিগ্রি প্রদান করা হয়।

### সামাজিক বিজ্ঞান অনুষদ

● অর্থনীতি বিভাগের এ কে এম আসাদুজ্জামান পাটওয়ারীকে তাঁর রচিত ‘Socioeconomic Development Index : Measuring the Socioeconomic Status of Ready-Made Garments Industry Workforce of Bangladesh’ শীর্ষক অভিসন্দর্ভের জন্য পিএইচডি ডিগ্রি প্রদান করা হয়।

● নৃবিজ্ঞান বিভাগের শাহরীন তানজুম-কে তাঁর রচিত ‘Aspects of Socio-Cultural Development of Junenile Delinquency : A Study on the Inmates of two Correctional Conters in Bangladesh’ শীর্ষক অভিসন্দর্ভের জন্য পিএইচডি ডিগ্রি প্রদান করা হয়।

● নৃবিজ্ঞান বিভাগের কাজী মিজানুর রহমান-কে তাঁর রচিত ‘Malbedey Community and their Informal Economics System : An Anthropological Research Based on Munshiganj Area of Bangladesh’ শীর্ষক অভিসন্দর্ভের জন্য পিএইচডি ডিগ্রি প্রদান করা হয়।

● নৃবিজ্ঞান বিভাগের ফাতেমা সুলতানা শুভ্রা-কে তাঁর রচিত ‘Violence Against Women and the ‘Victim Body’ : Local-level Judicial Process in Bangladesh with Global Contextual’ শীর্ষক অভিসন্দর্ভের জন্য পিএইচডি ডিগ্রি প্রদান করা হয়।

● গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের মুহাম্মদ আনওয়ারুস সালাম-কে তাঁর রচিত ‘Community Journalism and Community Development in Bangladesh’ শীর্ষক অভিসন্দর্ভের জন্য পিএইচডি ডিগ্রি প্রদান করা হয়।

### লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদ

● ফার্মেসী বিভাগের অধীনে মো. মোফাজ্জল হোসেন-কে তাঁর রচিত ‘Synthesis of Vanillin Analogues for Evaluation of the Antinflammatory potential and Subsequent in Silico Analysis’ শীর্ষক অভিসন্দর্ভের জন্য পিএইচডি ডিগ্রি প্রদান করা হয়।

## এম. ফিল ডিগ্রি প্রদান

৯ জানুয়ারি (২০২৫) অনুষ্ঠিত ৯৯তম সিন্ডিকেট সভার অনুমোদনক্রমে এম.ফিল ডিগ্রি প্রাপ্তদের তালিকা:

### কলা অনুষদ

● বাংলা বিভাগের অধীনে মো. সালাহ উদ্দিন আবির-কে তাঁর রচিত সুনীল গঙ্গোপধ্যায়ের ছোটগল্প: বিষয়-ভাবনা ও শিল্পরূপ, ইংরেজি অনুবাদ শীর্ষক অভিসন্দর্ভের জন্য এম.ফিল ডিগ্রি প্রদান করা হয়।

● ইসলামিক স্টাডিজ বিভাগের অধীনে এইচ. এম. সানাউল্লাহ-কে ‘Islamic Guidelines of Protecting Mental Health’ শীর্ষক অভিসন্দর্ভের জন্য এম.ফিল ডিগ্রি প্রদান করা হয়।

### ব্যবসায় শিক্ষা অনুষদ

● ফিন্যান্স বিভাগের অধীনে এস. এম. আকবর-কে তাঁর রচিত ‘The Impact of Call Money Rates on the Performance of Commercial Banks in Bangladesh’ শীর্ষক অভিসন্দর্ভের জন্য এম.ফিল ডিগ্রি প্রদান করা হয়।

● ফিন্যান্স বিভাগের অধীনে ধীমান বড়ুয়া-কে তাঁর রচিত ‘Adoption of Green Banking in Bangladesh : An Empirical Study’ শীর্ষক অভিসন্দর্ভের জন্য এম.ফিল ডিগ্রি প্রদান করা হয়।

### বিজ্ঞান অনুষদ

● গণিত বিভাগের অধীনে মো. মোজাম্মেল হক-কে তাঁর রচিত ‘Numerical Investigation of Convective Heat Transfer in an Enclosure Filled with Nanofluids’ শীর্ষক অভিসন্দর্ভের জন্য এম.ফিল ডিগ্রি প্রদান করা হয়।

● গণিত বিভাগের অধীনে সোনিয়া নাসরিন-কে তাঁর রচিত ‘Coiuette Fluid Flow through a Parallel Riga Plate with Electromagnetic Filed’ শীর্ষক অভিসন্দর্ভের জন্য এম.ফিল ডিগ্রি প্রদান করা হয়।

● গণিত বিভাগের অধীনে সাজিয়া সুলতানা খেয়া-কে তাঁর রচিত ‘Numerical Simulation of Natual Convective Heat Transfer of Nanofluids inside an Encloser’ শীর্ষক অভিসন্দর্ভের জন্য এম.ফিল ডিগ্রি প্রদান করা হয়।

● গণিত বিভাগের অধীনে গৌতম কুমার সাহা-কে তাঁর রচিত ‘Numerical Method for Multidimensional Time Dependent Partial Differentioal Equations on a Graded Mesh’ শীর্ষক অভিসন্দর্ভের জন্য এম.ফিল ডিগ্রি প্রদান করা হয়।

● পদার্থবিজ্ঞান বিভাগের অধীনে মো. মতিউর রহমান-কে তাঁর রচিত ‘Quality Assurance and Management in Treatment Planning System for Cancer Treatment Using EPID’ শীর্ষক অভিসন্দর্ভের জন্য এম.ফিল ডিগ্রি প্রদান করা হয়।

### সামাজিক বিজ্ঞান অনুষদ

● রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধীনে দেলোয়ার হোসেন-কে তাঁর রচিত ‘Genecide and Crimes Againstl Humanity in Bangladesh : An investigation into the actions of the Pakistan Army in Munshigonj District During the Liberation War of 1971’ শীর্ষক অভিসন্দর্ভের জন্য এম.ফিল ডিগ্রি প্রদান করা হয়।

### লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদ

● মনোবিজ্ঞান বিভাগের অধীনে হামিদা নাজ-কে তাঁর রচিত ‘Organizational Citizenship Behavior among College Teachers in Relation to Job Attitudes and Withdrawl Behaviors’ শীর্ষক অভিসন্দর্ভের জন্য এম.ফিল ডিগ্রি প্রদান করা হয়।

● অনুজীব বিজ্ঞান বিভাগের অধীনে মো. আরিফুর রহমান-কে তাঁর রচিত ‘A Comparison Between the Efficiency of the Xpert MTB/RIF Assay and Nested PCR on Identifying Mycobacterium tuberculosis’ শীর্ষক অভিসন্দর্ভের জন্য এম.ফিল ডিগ্রি প্রদান করা হয়।

## ক্রীড়া সংবাদ

## জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ষষ্ঠ আন্তঃবিভাগ ভলিবল প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠিত

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ষষ্ঠ আন্তঃবিভাগ ভলিবল প্রতিযোগিতা ২০২৫-এর পুরস্কার বিতরণী অনুষ্ঠান ৬ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান ভবন সংলগ্ন মাঠে অনুষ্ঠিত হয়। এবারের প্রতিযোগিতায় ছাত্র ও ছাত্রী



বিজয়ী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করছেন উপাচার্য

উভয় ক্যাটাগরিতে চ্যাম্পিয়ন হয়েছে অর্থনীতি বিভাগ। ছাত্র ক্যাটাগরিতে ইংরেজি বিভাগ এবং ছাত্রী ক্যাটাগরিতে উদ্ভিদবিজ্ঞান বিভাগ রানার্সআপের গৌরব অর্জন করে।

প্রতিযোগিতায় সেরা খেলোয়াড় (ছাত্র) হিসেবে নির্বাচিত হন অর্থনীতি বিভাগের জিলান এবং সেরা খেলোয়াড় (ছাত্রী) হিসেবে একই বিভাগের বারখা দেবী পুরস্কৃত হন।

## আন্তঃবিভাগ ক্রিকেট, ইনডোর গেমস ও বার্ষিক অ্যাথলেটিকস প্রতিযোগিতা-২০২৫ এর পুরস্কার বিতরণ অনুষ্ঠান

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে সপ্তম আন্তঃবিভাগ ক্রিকেট ও ইনডোর গেমস এবং অষ্টম বার্ষিক অ্যাথলেটিকস প্রতিযোগিতা-২০২৫ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠান ২৭ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে (ধূপখোলা) অনুষ্ঠিত হয়েছে।



পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপাচার্য ও ট্রেজারার এর সঙ্গে বিজয়ী শিক্ষার্থীরা

## জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে শহিদ সাজিদ ক্রিকেট প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠিত

বাংলাদেশ ছাত্র অধিকার পরিষদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার আয়োজনে শহিদ সাজিদ ক্রিকেট প্রতিযোগিতা ২০২৫-এর পুরস্কার বিতরণী অনুষ্ঠান ২৬ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয়ের পোগোজ ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজ মাঠে অনুষ্ঠিত হয়।



বিজয়ী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করছেন উপাচার্য

# সাংগঠনিক কার্যক্রম

## জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যনির্বাহী পরিষদ ২০২৫-এর দায়িত্ব হস্তান্তর

জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির বার্ষিক সাধারণ সভায় কার্যনির্বাহী পরিষদ ২০২৫-এর দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠান ৫ জানুয়ারি ২০২৫ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মোঃ মোশাররাফ হোসেন এবং ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মোঃ রইছ উদ্দীন এর নেতৃত্বে নবনির্বাচিত কার্যনির্বাহী পরিষদ ২০২৫ এর সদস্যবৃন্দ দায়িত্ব গ্রহণ করেন।

শিক্ষক সমিতির নবনির্বাচিত সভাপতি এবং সাধারণ




শিক্ষক সমিতি সদ্যবিদায়ী ও নতুন কার্যনিবাহী পরিষদের সদস্যগণ

সম্পাদকসহ অন্যান্য কার্যনির্বাহী সদস্যবৃন্দ দায়িত্ব গ্রহণের পর একে অপরকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান এবং শিক্ষক সমিতির কার্যক্রমকে আরও গতিশীল ও কার্যকর করার জন্য একযোগে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন।

## 'জুলাই বিপ্লবে গণমাধ্যমের ভূমিকা ও পরবর্তী প্রত্যাশা' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির উদ্যোগে ১১ জানুয়ারি ২০২৫ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে 'জুলাই বিপ্লবে গণমাধ্যমের ভূমিকা ও পরবর্তী প্রত্যাশা' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান আলোচক হিসেবে ছিলেন অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম এবং বিশেষ আলোচক হিসেবে ছিলেন প্রেস ইনস্টিটিউট অব বাংলাদেশের মহাপরিচালক ফারুক ওয়াসিফ।

প্রধান আলোচক প্রেস সচিব শফিকুল আলম তাঁর বক্তব্যে বলেন, 'জুলাই বিপ্লবে গণমাধ্যম শুধু প্রতিবাদমুখর ছিল না বরং এটি জনগণকে ঐক্যবদ্ধ করার প্ল্যাটফর্ম হিসেবে কাজ করেছে। আমাদের মিডিয়া লিটারেসি বাড়ানো উচিত যা অপসাংবাদিকতা রোধে উদ্যোগী হবে।"



বক্তব্য রাখছেন জবি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক, মঞ্চে উপবিষ্ট রয়েছেন উপাচার্য, ট্রেজারার, প্রধান আলোচক ও অন্যানরা

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি। এসময় তিনি বলেন, 'জুলাই বিপ্লবে আমাদের বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও সাংবাদিকরা গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিল। আমাদের বিশ্ববিদ্যালয়ের গৌরব শহিদ সাজিদসহ অন্যান্য শহিদ ও আহতদের প্রতি শ্রদ্ধা জানাই।" জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির সভাপতি ইমরান হোসাইন এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ে ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন এবং শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মোঃ রইছ উদ্দীন।

## পঞ্চদশ ডোনার সংবর্ধনা, নবীন বরণ ও দায়িত্ব হস্তান্তর

বাঁধন, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ইউনিট এর আয়োজনে ২৯ জানুয়ারি ২০২৫ পঞ্চদশ ডোনার সংবর্ধনা, নবীন বরণ ও দায়িত্ব হস্তান্তর ২০২৪ অনুষ্ঠিত হয়।



পঞ্চদশ ডোনার সংবর্ধনা, নবীন বরণ ও দায়িত্ব হস্তান্তর অনুষ্ঠানে মঞ্চে উপবিষ্ট রয়েছেন উপাচার্য, প্রক্টর ও সংশ্লিষ্টজন

## পদব্রজে ১১ রোভারের দেশব্যাপী বিভিন্ন স্থান পরিদর্শন

জগন্নাথ বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের ১১ জন রোভার এর তিনটি দল পদব্রজে চট্টগ্রাম থেকে কক্সবাজার পর্যন্ত ১৫০ কিলোমিটার পথ পায়ে হেঁটে পরিভ্রমণ করেন।

## 'প্রথম অন্তঃহল বিতর্ক প্রতিযোগিতা ২০২৫' এর পুরস্কার বিতরণী ও সমাপনী অনুষ্ঠান

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের একমাত্র ছাত্রী হল তার্কিক পরিষদের আয়োজনে 'নওয়াব ফয়জুন্নেসা চৌধুরানী স্মারক বিতর্ক উৎসব' এর আওতায় 'প্রথম অন্তঃহল বিতর্ক প্রতিযোগিতা ২০২৫'-এর পুরস্কার বিতরণী ও সমাপনী অনুষ্ঠান ৬ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হয়।



বিতর্ক প্রতিযোগিতার পুরস্কার বিতরণী ও সমাপনী অনুষ্ঠানে উপাচার্য ও ট্রেজারার

## বিতর্কে বিপ্লব ১.০ এর আন্তঃবিভাগীয় বিতর্ক প্রতিযোগিতার পুরস্কার বিতরণী ও সমাপনী অনুষ্ঠান সম্পন্ন

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের ডিবেটিং ক্লাবের আয়োজনে 'বিতর্কে বিপ্লব ১.০' শিরোনামে আন্তঃবিভাগীয় বিতর্ক প্রতিযোগিতা ২০২৫-এর পুরস্কার বিতরণী ও সমাপনী অনুষ্ঠান সফলভাবে সম্পন্ন হয়েছে।



বির্তক প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার তুলে দিচ্ছেন উপাচার্য ও ট্রেজারার

## জগন্নাথ বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটির নতুন কমিটি গঠন

জগন্নাথ বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটির ২০২৪-২০২৫ মেয়াদের কার্যকরী পরিষদের নির্বাচন ১৮ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয়ের অবকাশ ভবনে সংগঠনটির অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। নির্বাচনে সভাপতি পদে আইন বিভাগের শিক্ষার্থী মাঈন আল মুবাশ্বির এবং সাধারণ সম্পাদক পদে লোক প্রশাসন বিভাগের শিক্ষার্থী মোঃ মেহেদী হাসান বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন।

## দু'দিনব্যাপী জাতীয় ক্যারিয়ার মেলা 'জব জংশন-২০২৫' অনুষ্ঠিত

জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যারিয়ার ক্লাবের আয়োজনে দুই দিনব্যাপী (২৫ ও ২৬ ফেব্রুয়ারি) জাতীয় ক্যারিয়ার মেলা 'জব জংশন-২০২৫' বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়।



জব জংশন মেলার অনুষ্ঠানে বক্তব্য প্রদান করছেন উপাচার্য

## সাংস্কৃতিক সংবাদ

### যথাযোগ্য মর্যাদায় জবিতে সরস্বতী পূজা সম্পন্ন

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে সনাতন ধর্মাবলম্বী শিক্ষার্থীদের অন্যতম প্রধান ধর্মীয় উৎসব সরস্বতী পূজা ৩ ফেব্রুয়ারি ব্যাপক ধর্মীয় নিষ্ঠা, উৎসাহ ও আনুষ্ঠানিকতার মধ্য দিয়ে উদ্‌যাপিত হয়েছে। বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় পূজা উদ্‌যাপন পরিষদের আয়োজনে এবং প্রশাসনের পৃষ্ঠপোষকতায় এই আয়োজন সম্পন্ন হয়। এবার ৩৬টি বিভাগ, ২টি ইনস্টিটিউট ও একমাত্র ছাত্রী হলসহ মোট ৩৯টি পূজামণ্ডপে বিদ্যাদেবী সরস্বতীর আরাধনা অনুষ্ঠিত হয়।



বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পূজামণ্ডপ পরিদর্শন করছেন উপাচার্য ও ট্রেজারার

### উপাচার্যের সঙ্গে যুক্তরাষ্ট্রের কফিন স্টেট ইউনিভার্সিটির অধ্যাপকের সৌজন্য সাক্ষাৎ

যুক্তরাষ্ট্রের কফিন স্টেট ইউনিভার্সিটির ন্যাচারাল সায়েন্স বিভাগের অধ্যাপক ড. জামাল উদ্দিন ১ জানুয়ারি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি-এর সঙ্গে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন।



উপাচার্যের সঙ্গে সৌজন্য সাক্ষাতে ড. জামাল উদ্দিন

### উপাচার্যের সঙ্গে যুক্তরাষ্ট্রের মনমাউথ ইউনিভার্সিটির ডিন এর সৌজন্য সাক্ষাৎ

যুক্তরাষ্ট্রের মনমাউথ ইউনিভার্সিটির স্কুল অব সোশ্যাল ওয়ার্কের ডিন ও অধ্যাপক ড. গোলাম এম. মাতবর ৬ জানুয়ারি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি-এর সঙ্গে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে, তাঁরা সমাজকর্ম বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় ও মনমাউথ বিশ্ববিদ্যালয়ের স্কুল অব সোশ্যাল ওয়ার্কের মাঝে কোলাবোরেশান নিয়ে আলোচনা করেন।



উপাচার্যের সঙ্গে সৌজন্য সাক্ষাতে ফুলেল শুভেচ্ছা বিনিময় করছেন ড. গোলাম এম. মাতবর

### উপাচার্যের সঙ্গে কোরিয়ার সিউল ন্যাশনাল ইউনিভার্সিটির অধ্যাপকের সৌজন্য সাক্ষাৎ

২০ জানুয়ারি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি-এর সাথে তাঁর কার্যালয়ে কোরিয়ার সিউল ন্যাশনাল ইউনিভার্সিটির প্রফেসর ড. টেসাং পার্ক সৌজন্য সাক্ষাৎ করেন।




উপাচার্যের সঙ্গে সৌজন্য সাক্ষাতে কোরিয়ার সিউল ন্যাশনাল ইউনিভার্সিটির প্রফেসর ড. টেসাং পার্ক

### উপাচার্যের সঙ্গে মালয়েশিয়ার ইন্টারন্যাশনাল ইসলামিক ইউনিভার্সিটির প্রতিনিধিদলের সৌজন্য সাক্ষাৎ

২৬ জানুয়ারি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি-এর সাথে তাঁর কার্যালয়ে মালয়েশিয়ার ইন্টারন্যাশনাল ইসলামিক ইউনিভার্সিটির এক প্রতিনিধিদল সৌজন্য সাক্ষাৎ করেন।

উক্ত প্রতিনিধিদলে ছিলেন মালয়েশিয়ার ইন্টারন্যাশনাল ইসলামিক ইউনিভার্সিটির ইনস্টিটিউট অব ইসলামিক ব্যাংকিং অ্যান্ড ফিন্যান্স এর সহযোগী অধ্যাপক ও ডেপুটি ডিন ড. হাবিবুল্লাহ জাকারিয়া, সহযোগী অধ্যাপক ড. শরফুদ্দিন এবং অ্যাকাডেমিক ফেলো ড. মোহাম্মদ হাবিবুল্লাহ।



উপাচার্যের সঙ্গে সৌজন্য সাক্ষাতে মালয়েশিয়ার ইন্টারন্যাশনাল ইসলামিক ইউনিভার্সিটির প্রতিনিধিদল

### উপাচার্যের সঙ্গে প্রখ্যাত জিন বিজ্ঞানীর সৌজন্য সাক্ষাৎ

বাংলাদেশের প্রখ্যাত জিন বিজ্ঞানী ড. আবেদ চৌধুরী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি-এর সঙ্গে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন।



উপাচার্যের সাথে সৌজন্য সাক্ষাতে প্রখ্যাত জিন বিজ্ঞানী ড. আবেদ চৌধুরী ও অন্যান্য অতিথিবৃন্দ

### বাজেট বরাদ্দে জবি আগের তুলনায় অগ্রাধিকার পাবে: ইউজিসি চেয়ারম্যান

বাজেট বরাদ্দে পূর্বের তুলনায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় অগ্রাধিকার পাবে বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এ এস এম ফায়েজ। ১৪ মার্চ ২০২৫ জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি আয়োজিত ইফতার ও দোয়া মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

ইউজিসি চেয়ারম্যান বলেন, এখন অনেক ক্রাইসিসের মধ্য দিয়ে সরকার সময় পার করছে। তারপরও যতটুকু সম্ভব আমরা জগন্নাথ বিশ্ববিদ্যালয় ও ছাত্রদের কল্যাণে যা কিছু করার তাই আমরা করবো।



ইফতার মাহফিলে উপস্থিত রয়েছেন ইউজিসি চেয়ারম্যান, জবি উপাচার্য ও ট্রেজারারসহ অন্যান্যরা

চব্বিশের ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ভূমিকা উল্লেখ করে ড. ফায়েজ আরো বলেন, এই বিপ্লবে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ভূমিকা অনেক বেশি।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির সভাপতি ইমরান হুসাইনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. রেজাউল করিম।

জবি সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক মাহতাব লিমনের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে আরো ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. সাবিনা শরমীন।

প্রধান পৃষ্ঠপোষক: **অধ্যাপক মোঃ রেজাউল করিম, পিএইচডি**, উপাচার্য, জগন্নাথ বিশ্ববিদ্যালয়।। পৃষ্ঠপোষক: অধ্যাপক **ড. সাবিনা শরমীন**, ট্রেজারার, জগন্নাথ বিশ্ববিদ্যালয়।।
সম্পাদনায়: সম্পাদনা পর্ষদ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় বার্তা।। **জানুয়ারি-মার্চ, ২০২৫**।।ফোন: **৯৫৩৪২৫৫**, ফ্যাক্স: +৮৮-০২-৪৭১১৮৪৪৯, ওয়েবসাইট: **www.jnu.ac.bd**
প্রকাশনায়: জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তর, জগন্নাথ বিশ্ববিদ্যালয়